সমকাল

তারিখ 24 DEC 2017
পৃষ্ঠা 2 কলাম 6

# শীতকালীন ছুটিতে সামাজিক কর্মকাণ্ডে ঢাবি শিক্ষার্থীরা

■ সমকাল প্রতিবেদক

সন্ত্রাস-জঙ্গিবাদ-মাদক এবং বাল্যবিয়ের বিরুদ্ধে শিক্ষার্থীদের যুক্ত করার লক্ষ্যে গ্রাম ও শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারাভিযান কার্যক্রম ২০১৭ গ্রহণ করেছে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে শিক্ষাবৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ছুটিতে নিজ নিজ এলাকায় যাবেন স্কুল ও কলেজের শিক্ষার্থী এবং যুব সমাজের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে চিন্তা-চেতনা এবং চর্চার মধ্যে পরিবর্তন আনয়নে সামাজিক উদ্যোগ গ্রহণের লক্ষ্যে। আগামী ২৫ থেকে ৩০ ডিসেম্বর এসব সামাজিক কার্যক্রমে অংশ নেবেন তারা।

এ উপলক্ষে গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে সংবাদ সম্মেলনের আয়োজন করে ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার। বক্তব্য রাখেন নির্বাহী কমিটির সদস্য আনোয়ার-উল-আলম চৌধুরী। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশনের যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ আমিনুর রহমান, দপ্তর সম্পাদক গোপাল চন্দ্র দেবনাথ, নির্বাহী সদস্য নাসিরউদ্দিন মাহমুদ, কাজী মোয়াজ্জেম হোসেন, এস কে সালাহউদ্দিন আহমেদ ও ড. তাপস চন্দ্র পাল। লিখিত বক্তব্যে জানানো হয়, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন 'শিক্ষা ও সামাজিক উন্নয়নের জন্য বৃত্তি'– এই অঙ্গীকার নিয়ে বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীদের মধ্যে বৃত্তি কার্যক্রম শুরু করেছে। এরই ধারাবাহিকতায় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ৭০৪ জন অসচ্ছল মেধাবীর প্রত্যেককে আগামী চার বছরের জন্য প্রতি মাসে আড়াই হাজার টাকা করে বৃত্তি প্রদান করছে। ২০১৭ সালে এর সঙ্গে যুক্ত হয়েছেন আরও ৫৩০ জন। বর্তমানে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী সর্বমোট এক হাজার ২৩৫ জন।

**জঙ্গিবাদ-মাদক ও বাল্যবিয়ের বিরুদ্ধে প্রচারাভিযান**

রঞ্জন কর্মকার বলেন, 'যার যার ধর্ম তার তার কাছে, বিভেদ নয় নিজেদের মাঝে' ও 'সব কাজে গর্ব আছে, নিজের কাজে দেশ বাঁচে'– এ দুটি প্রতিপাদ্যকে সামনে রেখে এবারের প্রচারাভিযানে মোট ৬১০ শিক্ষার্থী অংশগ্রহণ করছেন। যার মধ্যে ছেলে শিক্ষার্থী ৩৮৫ এবং মেয়ে ২২৫ জন। শিক্ষার্থী স্বেচ্ছাসেবকরা ১৬০টি গ্রুপে ভাগ হয়ে আট বিভাগের মোট ৬০টি জেলার ১২০০ শিক্ষা প্রতিষ্ঠান এবং ১৬০০ গ্রাম পর্যায়ে ছয় দিনব্যাপী এ প্রচারাভিযান পরিচালনা করবেন। এই কার্যক্রমে জেলা প্রশাসনের মাধ্যমে স্থানীয় প্রশাসনের সহযোগিতা চাওয়া হয়েছে।

তিনি জানান, শিক্ষার্থীদের এই প্রচারাভিযান একটি চলমান প্রক্রিয়া। আগামী গ্রীষ্মকালীন ছুটিতে ৬১০ শিক্ষার্থীর সঙ্গে আরও ৬০০ শিক্ষার্থী যুক্ত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন। এর মাধ্যমে শিক্ষার্থীরা যেমন সামাজিক পরিবর্তনে ভূমিকা রাখবেন, তেমনি নিজেদের মুক্তিযুদ্ধের চেতনায় মানবিক মূল্যবোধসম্পন্ন সচেতন নাগরিক হিসেবে গড়ে তোলার সুযোগ পাবেন।

আনোয়ার-উল-আলম চৌধুরী বলেন, 'ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের এ কার্যক্রম দেখে অন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইরাও এগিয়ে আসতে পারেন।'

তিনি বলেন, এবার সন্ত্রাস প্রতিরোধে সামাজিক সচেতনতা তৈরি তাদের অগ্রাধিকারের মধ্যে রয়েছে। চাপিয়ে দিয়ে নয়, বরং স্বতঃস্ফূর্তভাবে শিক্ষার্থীরা সামাজিক কাজে অংশ নিয়ে আগামী দিনের নেতৃত্বদানে পারদর্শী হিসেবে গড়ে উঠুক, তারা সচেষ্টও রয়েছেন সেই ব্যাপারে।'